

নয়াদিল্লিতে অনুষ্ঠিত মার্কিন যুক্তরাষ্ট্র এবং ভারত সরকারের
মধ্যে পঞ্চম মার্কিন-ভারত সাইবার সংলাপ
(সেপ্টেম্বর ২৮, ২০১৬)

সেপ্টেম্বর ৩০, ২০১৬

মার্কিন যুক্তরাষ্ট্র-ভারতের সাইবার সংলাপ প্রতিফলিত করে আমাদের জাতির বিস্তৃত প্রবৃত্তি এবং গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক এবং আন্তর্জাতিক বিষয়ে দীর্ঘদিনের সহযোগিতা। ভারত-মার্কিন সাইবার সম্পর্কের রূপরেখা নির্মাণ বিশেষ করে আন্তর্জাতিক সাইবার নীতি নিয়ে আলোচনা ও মত বিনিময়, জাতীয় সাইবার কৌশলের তুলনা, সাইবার অপরাধ মোকাবিলা লড়াইয়ে আমাদের প্রচেষ্টা বৃদ্ধি, সক্ষমতা বৃদ্ধি এবং আর অ্যান্ড ডি প্রচার, এভাবে সাইবার নিরাপত্তা ও ডিজিটাল প্রচারের একটি মঞ্চ হল সাইবার সংলাপ।

মার্কিন-ভারত সাইবার সংলাপ বিস্তৃতভাবে সাইবার সম্পর্কিত দ্বিপাক্ষিক সহযোগিতা আরও গভীর করে এবং মজবুত করে মার্কিন-ভারত কৌশলগত অংশীদারিত্বকে।

● সাইবার হুমকি ও পারস্পরিক উদ্বেগের বিষয়ে তথ্য বিনিময় এবং সম্ভবপর সমবায় ব্যবস্থা নিয়ে আলোচনা।

● আইন প্রয়োগকারী এবং সাইবার অপরাধ বিষয়ে দ্বিপাক্ষিক সহযোগিতার অগ্রগতি।

● যথাযথ উপ-বিভাগ তৈরি-সহ সহযোগিতা পদ্ধতি তৈরি।

● আন্তর্জাতিক সাইবার ফোরামে সাধারণ উদ্দেশ্যকে স্বীকৃতি— বিশেষত সাইবারস্পেসে আন্তর্জাতিক আইন রাষ্ট্রের ক্ষেত্রে প্রয়োগ, দায়িত্বশীল রাষ্ট্রের ব্যবহারের নিয়মের বিবৃতি এবং ব্যবহারিক আস্থা-স্থাপনের দ্বারা উন্নয়ন।

● অকপটতা ও আন্তর্ক্রিয়া সংরক্ষণের নিশ্চিত সমর্থন, ইন্টারনেট পরিচালনায় মাল্টি-স্টকহোল্ডার পদ্ধতি বৃদ্ধি করা।

● নিরাপত্তার খাতিরে পরীক্ষা ও মান নির্ধারণ-সহ সাইবার ধারণ-ক্ষমতার সমন্বয় সাধনের প্রচেষ্টা।

সরকারিভাবে পুরো পঞ্চম সাইবার সংলাপের নেতৃত্ব দেন মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা কাউন্সিলের সাইবার পুলিশের সিনিয়র ডিরেক্টর সমীর জৈন এবং শ্রী সন্তোষ বা, যুগ্ম সচিব পুলিশ-পরিকল্পনা এবং গ্লোবাল সাইবার সংক্রান্ত, পররাষ্ট্রমন্ত্রক। সাইবার সংক্রান্ত দফতরের স্টেট কো-অর্ডিনেটর ক্রিস্টোফার পেইন্টার এবং জাতীয় নিরাপত্তা পরিষদের সচিবালয়ের যুগ্ম সম্পাদক শ্রী অভিমন্যু ঘোষ অনুষ্ঠানের সহ-সঞ্চালক ছিলেন। মার্কিন প্রশাসনের হোমল্যান্ড সিকিউরিটি এবং বাণিজ্যের ডিপার্টমেন্ট অফ স্টেট-এর ইন্টারএজেন্সি প্রতিনিধিদল এবং ফেডারেল ব্যুরো অফ ইনভেস্টিগেশনের প্রতিনিধিরা অন্তর্ভুক্ত। ভারত সরকারের তরফে পররাষ্ট্রমন্ত্রক, ইলেকট্রনিক্স এবং তথ্য-প্রযুক্তি মন্ত্রক, যোগাযোগ মন্ত্রক, স্বরাষ্ট্রমন্ত্রক, কমপিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম, জাতীয় সংকটপূর্ণ তথ্য-অবকাঠামো সুরক্ষা সেন্টার, সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন এবং প্রতিরক্ষা গবেষণা ও ডেভেলপমেন্ট অর্গানাইজেশন-এর প্রতিনিধিরা প্রতিনিধিত্ব করেন।

দু'দেশ সিদ্ধান্ত নিয়েছে, পরবর্তী পর্যায়ে সাইবার সংলাপ অনুষ্ঠিত হবে ২০১৭ সালে, ওয়াশিংটনে।